গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-৫ শাখা (প্রশিক্ষণ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mof.gov.bd

**নম্বর:** ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০১৩.২৬.৫২৫

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **Budget Management Specialist (BMS) বিষয়ক ৪২তম ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতাধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) কর্তৃক আয়োজিত 'Budget Management Specialist (BMS)' বিষয়ক ৪২তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ২১ ডিসেম্বর, ২০২৬ তারিখ হতে আইপিএফ, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-তে অনুষ্ঠিত হবে।

**০২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ**

(ক) প্রশিক্ষণের মেয়াদ ২০ কার্যদিবস;

(খ) মোট ৩০ জন কর্মকর্তার অংশগ্রহণের সুযোগ রয়েছে;

(গ) প্রশিক্ষণার্থী মূল্যায়ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ০৭ (সাত) জন কর্মকর্তাকে বিদেশে স্বল্প মেয়াদী প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হবে (সরকারের অনুমোদন সাপেক্ষে);

(ঘ) এ কোর্সটি অনাবাসিক এবং অংশগ্রহণের জন্য কোন কোর্স ফি প্রদান করতে হবে না।কোর্স সংক্রান্ত যেকোন তথ্যের জন্য জনাব মোঃ আহসান হাবিব জিতু, উপসচিব (উপপরিচালক) (প্রশিক্ষণ), আইপিএফ এর সাথে অফিস চলাকালীন যোগাযোগ করা যাবে **(মোবাইল: ০১৬৮২-২৪৫৩৫৫)**।

**০৩। আবেদনের শর্তসমূহঃ**

(ক) সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব/উপসচিব অথবা সমপর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ, বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীতে কর্মরত সমপর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন;

(খ) ইতোপূর্বে যে সকল কর্মকর্তা FEEM বা BMS কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদেরকে আবেদন করতে নিরুৎসাহিত করা হলো;

(গ) বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের এ কোর্সে অগ্রাধিকার দেয়া হবে;

(ঘ) যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না; ও

(ঙ) মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

**০৪।** আগ্রহী কর্মকর্তাগণকে নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক তাদের মনোনয়ন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **আগামী ৩০ নভেম্বর, ২০২৬ তারিখের মধ্যে** সরাসরি সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **[দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৫ শাখা (প্রশিক্ষণ), ভবন নং-১১, লেভেল-১৬, কক্ষ নং-১৭১৪]** বরাবর অথবা ই-মেইলে (trainingsection.fd2@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের নির্ধারিত ফরম, বিজ্ঞপ্তির কপি অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।

সংযুক্তি: ১। আবেদন ফরম.pdf;
২। আবেদন ফরম.docx।

০৯-১১-২০২৬

মো: মাহবুবুল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৫৫১০১৩১৪
ইমেইল : trainingsection.fd@gmail.com

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৪। মহাপরিচালক, ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ), সেগুনবাগিচা, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব, প্রশাসন ও পরিকল্পনা, অর্থ বিভাগ।
৬। অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ।
৭। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮। বিভাগীয় কমিশনার (সকল)।
৯। যুগ্মসচিব (রুটিন দায়িত্ব), প্রশাসন অধিশাখা-২, অর্থ বিভাগ।
১০। জেলা প্রশাসক (সকল)।
১১। সচিবের একান্ত সচিব (উপসচিব), অর্থ বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (পত্রটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (পত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।